

পার্টিশন-কথা

■ ২০১৫ থেকে ২০১৯, এই কয়েক বছরে 'বেঙ্গল পার্টিশন ডিপোজিটরি' নামে একটি জনগবেষণা প্রকল্প পরিচালনা করেছে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়। প্রকল্পে যুক্ত প্রায় ৫০ জন সমীক্ষক, গবেষক ও শিক্ষক, যৌথ ভাবে কাজ করেছে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ও। এ বছরের ফেব্রুয়ারিতে শুরু হয়েছিল প্রকল্পের ডিজিটাল সংগ্রহশালা (সিএলটিসিএসএনএসওইউ ডট ইন ওয়েবসাইটে, বেঙ্গল পার্টিশন ডিপোজিটরি নামে), উদ্বোধন করেছিলেন দেবেশ রায়। ভারত তথা বাংলা ভাগ নিয়ে তিন খণ্ডে বই প্রকাশের ভাবনাও ছিল নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের, তারই প্রথম খণ্ডটি প্রকাশিত হতে চলেছে এ বার, বাংলার পার্টিশন-কথা: উত্তর প্রজন্মের খোঁজ (সম্পাদনা ও গ্রন্থনা: মননকুমার মণ্ডল) নামে। বইয়ে আছে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার সত্তরোধর তিনশো জনের সাক্ষাৎকারের পূর্ণাঙ্গ তালিকা ও নির্বাচিত জীবনভাষ্য, বাংলা ভাগ ও মুক্তিযুদ্ধ নিয়ে সমীক্ষামূলক প্রবন্ধ। ৩ জানুয়ারি রবিবার বিকেল সাড়ে ৩টেয় এক আন্তর্জাল-অনুষ্ঠানে গ্রন্থটির আনুষ্ঠানিক প্রকাশ, সঙ্গে আলোচনাও।